স্টুডেন্ট সাপোর্ট সার্ভিসেস বিভাগ
Student Support Services Division

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
Bangladesh Open University

বাউবি/এসএসএস/এসএসসি/জেনা/০১/২২/২০১৫/ ১৫৬৫

তারিখ: ৩০আষাঢ় ১৪৩২ বঙ্গা
১৪জুলাই ২০২৫ খ্রিষ্টাব্দ

আঞ্চলিক পরিচালক
আঞ্চলিক কেন্দ্র: আঞ্চলিক কেন্দ্র: ঢাকা/কুমিল্লা/চট্টগ্রাম/ময়মনসিংহ/বরিশাল/সিলেট/
ফরিদপুর/খুলনা/যশোর/রাজশাহী/বগুড়া/রংপুর।
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়

বিষয়: এসএসসি প্রোগ্রামের ০৫টি পাঠ্যপুস্তক অনলাইন হতে সংগ্রহপূর্বক পাঠদান চলমান রাখা প্রসঙ্গে।

সূত্র : বাউবি/ওএস/২১৭/১০/সাধা/বিবিধ/পার্ট-৬/৫২৪ তাং-১৩ জুলাই ২০২৫ খ্রিষ্টাব্দ

মহোদয়,
উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাউবি'র ওপেন স্কুল পরিচালিত এসএসসি প্রোগ্রামের ০৫টি পাঠ্যপুস্তক অনলাইন হতে সংগ্রহপূর্বক পাঠদান চলমান রাখা সংক্রান্ত নির্দেশনা এ সংগে সংযুক্ত-২ পাতা প্রেরণ করা হলো । বিষয়টি উপ-আঞ্চলিক কেন্দ্র, স্টাডি সেন্টার এবং শিক্ষার্থীদের অবহিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
কম্পিউটার বিভাগ
সিস্টেম ম্যানেজার/পরিচালক এর কার্যালয়
ডায়েরী নং ২৯৭২
তারিখঃ ১৫/৭/২৫
সিস্টেম এনালিস্ট/ডেপুটি সিস্টেম এনালিস্ট/ওয়েব মাস্টার/
সহঃসিঃ প্রোগ্রামার/ASANA
সহঃ সিস্টেম এনালিস্ট/হার্ডওয়্যার ইঞ্জিনিয়ার/HME
সহঃ পরিচালক সহকারী প্রোগ্রামার/AHME

*বিষয়টি অতীব জরুরী।*

নির্দেশক্রমে,

১৪/০৭/২০২৫
সালমা আফরোজ
যুগ্ম-পরিচালক
এস.এস.এস বিভাগ

অবগতি ও কার্যার্থে অনুলিপি: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)
১। ডিন, ওপেন স্কুল, বাউবি।
২। সিস্টেম ম্যানেজার, কম্পিউটার বিভাগ, বাউবি। বিষয়টি বাউবি'র Website এ প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
৩। একান্ত সচিব, উপাচার্য মহোদয়ের দপ্তর, উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য, বাউবি।
৪। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, উপ-আঞ্চলিক কেন্দ্র------------------------------ বাউবি।
৫। সংরক্ষণ নথি।

F/প্রস্তাব ফেরত সংক্রান্ত-২/Letter

ওপেন স্কুল
Open School

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
BANGLADESH OPEN UNIVERSITY

বাউবি/ওএস/২১৭/১০/সাধা/বিবিধ/পার্ট-৩/৫২৪

তারিখ : ২৯ আষাঢ় ১৪৩২ বঙ্গাব্দ
১৩ জুলাই ২০২৫ খ্রিষ্টাব্দ

JD/A
JD/SAL

পরিচালক
স্টুডেন্ট সাপোর্ট সার্ভিসেস বিভাগ
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
গাজীপুর-১৭০৫

বিষয়: এসএসসি প্রোগ্রামের ০৫টি এবং এইচএসসি প্রোগ্রামের ০৯টি মোট ১৪টি পাঠ্যপুস্তক অনলাইন হতে সংগ্রহপূর্বক পাঠদান চলমান রাখা প্রসঙ্গে।

জনাব,

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের ওপেন স্কুল পরিচালিত এসএসসি ও এইচএসসি প্রোগ্রামের যে সকল পাঠ্যপুস্তকে বাংলাদেশের অভ্যুদয়ের ইতিহাস
বিষয়ক তথ্য বিদ্যমান রয়েছে তা রিভিউ করার নিমিত্তে গঠিত কমিটির সিদ্ধান্ত, বাউবি'র একাডেমিক কাউন্সিল-এর ১০/০২/২০২৫ তারিখে
অনুষ্ঠিত ৭৭তম সভার কার্যবিবরণী বাউবি'র বোর্ড অব গভর্নরস্-এর ১৮/০২/২০২৫ তারিখে অনুষ্ঠিত ১৯৫তম সভায় অনুমোদিত হয়।

১। ওপেন স্কুল পরিচালিত বিভিন্ন প্রোগ্রামসমূহের যে সকল পাঠ্যপুস্তকে বাংলাদেশের অভ্যুদয়ের ইতিহাস বিষয়ক কোন তথ্য নেই (যা ইতোমধ্যে স্ব স্ব কোর্স শিক্ষকগণ স্বাক্ষরসহ ডিন, ওপেন স্কুল-কে অবহিত করেছেন) সে সকল কোর্সসমূহ মুদ্রণ প্রক্রিয়া চলমান রাখা;

২। ওপেন স্কুল পরিচালিত বিভিন্ন প্রোগ্রামসমূহের যে সমস্ত পাঠ্যপুস্তকে বাংলাদেশের অভ্যুদয়ের ইতিহাস বিষয়ক তথ্য বিদ্যমান রয়েছে (যা ইতোমধ্যে স্ব স্ব কোর্স শিক্ষকগণ স্বাক্ষরসহ ডিন, ওপেন স্কুল-কে অবহিত করেছেন) সে সকল কোর্সসমূহ মুদ্রণ প্রক্রিয়া আপাততঃ স্থগিত করা;

৩। যে সকল কোর্সের যে সকল অংশে, ইউনিটে, পাঠে বাংলাদেশের অভ্যুদয়ের ইতিহাস বিষয়ক তথ্য রয়েছে সে সকল অংশ, ইউনিট, পাঠগুলো পরবর্তী নির্দেশনা না দেয়া পর্যন্ত পাঠদানে বিরত রাখা।

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের ওপেন স্কুল পরিচালিত নিম্নেবর্ণিত এসএসসি প্রোগ্রামের ০৫টি এবং এইচএসসি প্রোগ্রামের ০৯টি বইয়ের
পরিমার্জিত পাণ্ডুলিপি রিভিউ করার নিমিত্তে বাংলাদেশের অভ্যুদয়ের ইতিহাস বিষয়ক তথ্যসমূহ বিদ্যমান থাকায় কোর্সসমূহের সকল অংশ,
ইউনিট, পাঠগুলো পরবর্তী নির্দেশনা না দেয়া পর্যন্ত পাঠদানে বিরত রাখার এবং কোর্সসমূহের মুদ্রণ প্রক্রিয়া আপাততঃ স্থগিত রাখার বিষয়ে
কর্তৃপক্ষের সুস্পষ্ট নির্দেশনা রয়েছে। সঙ্গতকারণেই বর্ণিত বইসমূহ মুদ্রণ এবং বাউবি হতে বিতরণ কার্যক্রম সম্পূর্ণ বন্ধ রয়েছে। উক্ত বইসমূহ
চলমান প্রক্রিয়ায় পরিমার্জনপূর্বক মুদ্রণ ও বিতরণ কার্যক্রম চলমান থাকায় শিক্ষার্থীর হাতে পৌঁছানো সময়সাপেক্ষ ব্যাপার। এমতাবস্থায়,
শিক্ষার্থীদের পাঠদানের সুবিধার্থে বর্ণিত বইসমূহ বাউবি'র ওয়েবসাইট (**https://www.ebookbou.edu.bd/hsc.php**) হতে ডাউনলোড করে
নেয়া যেতে পারে।

এসএসসি প্রোগ্রামের- (১) বাংলা প্রথম পত্র (SSC-1651), (২) বাংলা দ্বিতীয় পত্র (SSC-2651), (৩) পৌরনীতি ও নাগরিকতা (SSC-2672),
(৪) বাংলাদেশ ও বিশ্বপরিচয় (SSC-2681), (৫) বাংলাদেশের ইতিহাস ও বিশ্বসভ্যতা (SSC-1659)।

এইচএসসি প্রোগ্রামের- (১) বাংলা প্রথম পত্র (HSC-1851), (২) বাংলা দ্বিতীয় পত্র (HSC-2851), (৩) ইংরেজি ১ম পত্র (HSC-1852), (৪)
ইসলামের ইতিহাস ও সংস্কৃতি দ্বিতীয় পত্র (HSC-2856), (৫) সমাজবিজ্ঞান দ্বিতীয় পত্র (HSC-2859), (৬) পৌরনীতি ও সুশাসন প্রথম পত্র
(HSC-1857), (৭)পৌরনীতি ও সুশাসন ২য় পত্র (HSC-2857), (৮) ইতিহাস ১ম পত্র (HSC-1855), (৯) ইতিহাস ২য় পত্র (HSC-2855)।

এতদসঙ্গে সংযুক্ত তালিকা মোতাবেক কোর্সসমূহের সকল অংশ, ইউনিট, পাঠগুলো পরবর্তী নির্দেশনা না দেয়া পর্যন্ত পাঠদানে সম্পূর্ণ বিরত
থাকতে হবে। তালিকা মোতাবেক কোর্সসমূহের সেই সকল অংশ, ইউনিট, পাঠগুলো ব্যতিত অন্যান্য ইউনিট, পাঠসমূহ শিক্ষার্থীদের মধ্যে পাঠ
কার্যক্রম চলমান রাখা যেতে পারে।

বিষয়টি সকল আঞ্চলিক কেন্দ্র, উপ-আঞ্চলিক কেন্দ্র ও স্টাডি সেন্টারসমূহসহ সংশ্লিষ্ট সকলকে অতীব জরুরী ভিত্তিতে অবহিতকরণসহ বাউবি'র
ওয়েবসাইটে প্রচারের দ্রুত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো।

ধন্যবাদসহ,
13.7.2025
ড. মোছাঃ শিরিন সুলতানা
অধ্যাপক ও ডিন
ওপেন স্কুল, বাউবি

অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো-

১। রেজিস্ট্রার, বাউবি।
২। একান্ত সচিব, উপাচার্যের দপ্তর, বাউবি। উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য।
৩। একান্ত সচিব, প্রো-উপাচার্য (শিক্ষা)-এর দপ্তর, বাউবি। প্রো-উপাচার্য (শিক্ষা) মহোদয়ের সদয় অবগতির জন্য।
৪। সংরক্ষণ নথি।

ওপেন স্কুল
Open School

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
BANGLADESH OPEN UNIVERSITY

## বিভিন্ন পাঠ্যপুস্তকে বাংলাদেশের অভ্যুদয়ের ইতিহাস বিষয়ক বিদ্যমান তথ্য রয়েছে:

### এসএসসি প্রোগ্রাম

| ক্রম. | কোর্স ও কোড | ইউনিট | পাঠ | আলোচ্য বিষয় | কোর্স সমন্বয়কারীর স্বাক্ষর |
|---|---|---|---|---|---|
| ১। | বাংলা ১ম পত্র (SSC-1651) | গদ্য ও প্রবন্ধ | একাত্তরের দিনগুলি - জাহানারা ইমাম | স্মৃতিচারণমূলক রচনা। (পৃষ্ঠা : ৮৬-৯৪) | |
| | | গদ্য ও প্রবন্ধ | মানুষ মুহম্মদ (সা) - মোহাম্মদ ওয়াজেদ আলী | মানুষ মুহম্মদ (সা) প্রবন্ধে স্পর্শকাতর দুটি শব্দের বানানে মুদ্রণজনিত ত্রুটি রয়েছে। | |
| | | কবিতা | আমার পরিচয়- সৈয়দ শামসুল হক | কবিতার দুটি লাইন ও শব্দের টীকায়। (পৃষ্ঠা-১৮৯-৯০) | |
| | | কবিতা | স্বাধীনতা, এই শব্দটি কীভাবে আমাদের হলো- নির্মলেন্দু গুণ | পুরো কবিতা ও তার আলোচনায়। (পৃষ্ঠা-১৯৪-২০০) | |
| ২। | বাংলাদেশের ইতিহাস ও বিশ্ব সভ্যতা (SSC-1659) | | | অসামঞ্জস্যপূর্ণ তথ্যে ভরপুর। সরাসরি কর্তৃপক্ষ তত্ত্বাবধান করায় কোনো তথ্য রূপান্তর, পরিমার্জন ও সংস্কারের সুযোগ ছিল না। একাধারে বিভিন্ন বিভ্রান্তিকর তথ্যের সন্নিবেশ ঘটার পাশাপাশি বাক্যের দুর্বোধ্য গঠন ও বানান ভুল থাকার হেতু বইটির আমূল সংস্কার ও পরিবর্তন জরুরি। সংশোধনীর পূর্বে মুদ্রণ ও বিতরণ বন্ধ রাখার অনুরোধ করা যাচ্ছে। | |
| ৩। | বাংলা ২য় পত্র (SSC-2651) | ইউনিট-৮ (পত্রলিখন) | মানপত্র ও স্মারকলিপি | একজন মন্ত্রীর আগমন উপলক্ষে অভিনন্দনপত্র রচনা (পৃষ্ঠা-২৩৮) | |
| | | ইউনিট-১০ (প্রবন্ধ রচনা) | প্রবন্ধ রচনা | বাংলাদেশের মুক্তিযুদ্ধ (পৃষ্ঠা-২৭৬) | |
| | | ইউনিট-১০ (প্রবন্ধ রচনা) | প্রবন্ধ রচনা | জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান (পৃষ্ঠা-২৭৯) | |
| ৪। | পৌরনীতি ও নাগরিকতা (SSC-2672) | ৫ | ৫ | বাংলাদেশের সংবিধান। | |
| | | ৬ | ১ | বাংলাদেশ সরকারের স্বরূপ | |
| | | ৬ | ৪ | প্রধানমন্ত্রী | |
| | | ৯ | ৬ | নারী নির্যাতন: কারণ ও প্রতিকার। | |
| | | ১০ | ১-১১ | বাংলাদেশের অভ্যুদয়ে নাগরিক চেতনা। | |
| | | ১১ | ৩ | জাতিসংঘের সাথে বাংলাদেশের সম্পর্ক | |
| | | ১১ | ৬ | ইসলামী সম্মেলন সংস্থা (ওআইসি)। | |
| ৫। | বাংলাদেশ ও বিশ্বপরিচয় (SSC-2681) | ১ | ১.১ থেকে ১.৭ | পূর্ব বাংলার আন্দোলন ও জাতীয়তাবাদের উত্থান | |
| | | ২ | ২.১ থেকে ২.৪ | স্বাধীন বাংলাদেশ | |
| | | ৯ | ৯.১ থেকে ৯.৪ | বাংলাদেশের গণতন্ত্র ও নির্বাচন | |